দৈনিক ইত্তেফাক

47

তারিখ APR 23 2000
পৃঃ ১ কলাম ৬

# ভাগ্যবিড়ম্বিত ১৩২ জন ছাত্রীর মধ্যে চার জনের ভাগ্য খুলিয়াছে

ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ মতিঝিল মডেল হাইস্কুল ও কলেজের ভাগ্য বিড়ম্বিত ১৩২ জন ছাত্রীর মধ্যে চারজনকে পরীক্ষাদানের অনুমতি (২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ভাগ্য বিড়ম্বিত

(প্রথম পৃষ্ঠার পর)

দিয়া বৃহস্পতিবার প্রবেশপত্র সরবরাহ করিয়াছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। সৌভাগ্যবতী এই চারজন হইতেছে মনসুরা বেগম রেজিষ্ট্রেশন নং ৪৭০৪৮২, রোল নং ৩১০৬২৩; রাজিনা আক্তার, রেজি নং-৪৭০৪৯৪, রোল নং-৩১০৬৩০ ও শারমান আক্তার, রেজি নং ৪৭০৪৮৫, রোল নং ৩১০৬২৫। এই তিনজনকে দেওয়া হইয়াছে ইসলামের ইতিহাস। চতুর্থজন রৌশনা আক্তার চৌধুরীর রেজিষ্ট্রেশন নং ৪৭০৪৮২, রোল নং-৩১০৬২৩। তাহার বিষয় পৌরনীতি। বিষয় হিসাবে ইসলামের ইতিহাস বা পৌরনীতি কোনটিই এই শিক্ষা প্রতিষ্ঠানটিতে নাই।

নির্ভরযোগ্য সূত্রে জানা গিয়াছে, মতিঝিল মডেল স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীরা দ্বিমুখী রাজনৈতিক ঘুঁটি চালাচালীর শিকার হইয়াছে। কলেজের গভর্নিং বডির সদস্যরা প্রধান দুইটি রাজনৈতিক দলে বিভক্ত। তাহারা এই ছাত্র-ছাত্রীদের লইয়া নিজ নিজ ছকে খেলিয়া চলিয়াছেন। কলেজের বর্তমান অধ্যক্ষ রেজিষ্ট্রেশনকালে না থাকিলেও অভিভাবকরা মামলা করিয়াছেন তাহার বিরুদ্ধে। আর স্কুল কর্তৃপক্ষ মামলা করিয়াছে আগের অধ্যক্ষের বিরুদ্ধে যাহার ভুলে এই অঘটন।

২৭শে এপ্রিল হইতে শুরু হইতেছে এইচএসসি পরীক্ষা। একমাত্র প্রধানমন্ত্রীই পারেন এই শিক্ষায়তনের ভাগ্য বিড়ম্বিত ছাত্রীদের মুখে হাসি ফোটাইতে।